

“শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর
৩৭/৩ ইক্সটেনশন গার্ডেন রোড, ঢাকা
www.kkcp.gov.bd


স্মারক: ৩২.০১.০০০০.০০৩.২৭.০৬০.২১- ৩৬৭৯

তারিখ: ০৭/০৯/২০২২ খ্রি:।

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের সুযোগ্য মহাপরিচালক মহোদয় গত ০৩/০৯/২০২২ তারিখ আপনার দায়িত্বপ্রাপ্ত জেলার জৈন্তাপুর উপজেলার চিকনাগুল ইউনিয়নের কিশোর কিশোরী ক্লাব পরিদর্শন করেন। অথচ আপনি মহাপরিচালক মহোদয়ের পরিদর্শনের দিন অনুপস্থিত ছিলেন এবং তাঁর পরিদর্শনে কোনরূপ সহযোগীতা করেন নি। এছাড়া বর্ণিত ক্লাবে ১০ বছরে নিচের বয়সের ১০ জন সদস্য আছে মর্মে জানা যায়। অথচ কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের ডিপিপি অনুযায়ী ক্লাব সদস্যদের বয়স হতে হবে ১০-১৯ বছরের মধ্যে। এতে স্পষ্টত প্রতিয়মান হয় যে, আপনি প্রকল্পের আইন পরিপন্থি কার্যকলাপে সহযোগীতা করেছেন।

০২। এমতাবস্থায়, কর্তব্যে চরম অবহেলা প্রদর্শন, উর্ধ্বতন কর্তৃপক্ষের ক্লাব পরিদর্শনে অসহযোগীতা, ১০ বছরের কম বয়সের শিশু ক্লাবে ভর্তি করানো এবং ক্লাবের স্বার্থ বিরোধী তথা প্রকল্প বিরোধী কর্মকান্ডে লিপ্ত থাকায় কেন আপনার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১০ (দশ) কর্মদিবসের মধ্যে দাখিলের জন্য বলা হল।


(মো: তরিকুল আলম)

(অতিরিক্ত সচিব)

প্রকল্প পরিচালক (অ:দা:)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প
মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

জনাব লেহাজ উদ্দিন মোহাম্মদ বাবর
ফিল্ড সুপারভাইজার, সিলেট।

অনুলিপি সদয় অবগতির জন্য:

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর/ জৈন্তাপুর, সিলেট।
- ৩। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট।
- ৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জৈন্তাপুর, সিলেট।
- ৫। অফিস কপি।